

হিসাববিজ্ঞান

বিষয় কোড: ১ ৪ ৬

সময় — ২ ঘণ্টা ৩০ মিনিট

সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান — ৭০

দ্রষ্টব্য: দক্ষিণ পাশ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। সকল প্রশ্নের মান সমান। ক বিভাগ থেকে ২টি এবং খ বিভাগ থেকে যেকোনো ৫টিসহ সর্বমোট ৭টি প্রশ্নের উত্তর দিতে হবে।

ক বিভাগ

১.▶ জনাব আসিবের ২০১৪ সালের রেওয়ামিলটি নিম্নরূপ:

হিসাবের নাম	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
হাতে নগদ	৩২,৫০০	
স্থায়ী সম্পদ	৭০,০০০০	
উত্তোলন ও মূলধন	৬০,০০০	১,২০,০০০
ক্রয় ও বিক্রয়	৭৫,০০০	১,৭৭,০০০
দেনাদার ও পাওনাদার	৪১,০০০	২১,০০০
বিমা প্রিমিয়াম	১৫,০০০	
প্রাপ্য বিল ও প্রদেয় বিল	৩,০০০	৫,৫০০
শিক্ষানবিশ ভাতা	২,৫০০	
বেতন	১০,০০০০	
ব্যবসায়িক বাট্টা	৩,০০০	২,০০০
মজুদ পণ্য (১-১-১১৪)	২৪,৫০০	
মজুরি	১,৫০০	
সঞ্চয়পত্রের সুদ		১২,৫০০
	৩,৩৮,০০০	৩,৩৮,০০০

সমন্বয়সমূহ: ১. সমাপনী মজুদপণ্যের মূল্য ২০,০০০ টাকা। ২. অলিখিত ক্রয় ৫,০০০ টাকা। ৩. মূলধনের উপর ৫% সুদ ধরতে হবে। ৪. উত্তোলনের ওপর ৫% সুদ ধরতে হবে। ৫. বিমা প্রিমিয়াম ৩১-৩-২০১৫ পর্যন্ত পরিশোধ করা হয়েছে।

- ক. অগ্রিম বিমা প্রিমিয়াম কত? ২
- খ. উপরোক্ত তথ্যের আলোকে পরিচালন আয় ও অপরিচালন ব্যয় নির্ণয় করো। ৪
- গ. জনাব আসিবের মোট মুনাফা বা ক্ষতি নির্ণয় করো। ৪

২.▶ আবীর এন্টারপ্রাইজ এর ২০১৪ সালের মোট লাভের পরিমাণ ৩৫,০০০ টাকা। ২০১৪ সালের উক্ত প্রতিষ্ঠানের রেওয়ামিলটি নিম্নরূপ:

আবীর এন্টারপ্রাইজ
রেওয়ামিল

৩১ ডিসেম্বর, ২০১৪

ক্রমিক নং	হিসাবের নাম	খ: পু:	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
১.	মূলধন			১,৩০,০০০
২.	উত্তোলন		১৫,০০০	
৩.	ক্রয়		৪৬,০০০	
৪.	বিক্রয়			৫১,০০০
৫.	হাতে নগদ		৫,০০০	
৬.	ব্যাংক জমা		১০,০০০	
৭.	অফিস সরঞ্জাম		২৭,০০০	
৮.	দালান কোঠা		৫০,০০০	
৯.	বেতন		৭,০০০	
১০.	ভাড়া		১০,০০০	
১১.	বিক্রয় ফেরত		৪,০০০	
১২.	বিবিধ দেনাদার		১৮,০০০	
১৩.	বিবিধ পাওনাদার			১২,০০০
১৪.	শিক্ষানবিস সেলামি			২,০০০
১৫.	অনাদায়ী দেনা		৩,০০০	
			<u>১,৯৫,০০০</u>	<u>১,৯৫,০০০</u>

সমন্বয়সমূহ: ১. সমাপনী মজুদ পণ্যের ক্রয়মূল্য ২৮,০০০ টাকা এবং বাজারমূল্য ৩০,০০০ টাকা। ২. বকেয়া বেতন ১,৫০০ টাকা। ৩. অগ্রিম ভাড়া ২,০০০ টাকা। ৪. বাকিতে পণ্য বিক্রয় ৬,০০০ টাকা হিসাবভুক্ত হয়নি।

- ক. আবীর এন্টারপ্রাইজ এর বিক্রিত পণ্যের ব্যয়ের পরিমাণ কত? ২
- খ. আবীর এন্টারপ্রাইজ এর নিট লাভ বা ক্ষতির পরিমাণ নির্ণয় করো। ৪
- গ. ৩১ ডিসেম্বর ২০১৪ আবীর এন্টারপ্রাইজ এর আর্থিক অবস্থান বিবরণী তৈরি করো। ৪

খ বিভাগ

৩.► মি. সুমন একজন ব্যবসায়ী। ২০১৪ সালে মে মাসে তার ব্যবসায়ে নিম্নলিখিত ঘটনাগুলো সংঘটিত হয়েছে:

- মে ১ ৫০,০০০ টাকা নিয়ে ব্যবসায় শুরু করেন।
- " ৫ ১৫,০০০ টাকার পণ্য ক্রয়ের ফরমায়েশ দেন।
- " ১০ ধারে পণ্য ক্রয় ১০,০০০ টাকা।
- " ১৫ মাসিক ৮,০০০ টাকা বেতনে একজন ম্যানেজার নিয়োগ দেয়া হলো।

- " ২৫ নগদে পণ্য বিক্রয় ২০,০০০ টাকা।
- " ৩০ ভাড়া বাবদ পরিশোধ ৩,০০০ টাকা।
- ক. লেনদেন নয় এমন ঘটনাসমূহ চিহ্নিত করে মোট পরিমাণ নির্ণয় করো। ২
- খ. ঘটনাসমূহ হতে লেনদেন চিহ্নিত করে সমীকরণ পদ্ধতিতে তার কারণ ব্যাখ্যা করো। ৪
- গ. বিবরণী ছকে হিসাব সমীকরণের উপর লেনদেনের প্রভাব দেখাও। ৪

৪.► জনাব আজম ১ জানুয়ারি ২০১৪ তারিখে নগদ ৫,০০,০০০ টাকা, ৫,০০০ টাকার আসবাবপত্র, ৮৫,০০০ টাকা ব্যাংক ঋণ নিয়ে একটি কম্পিউটার প্রশিক্ষণ কেন্দ্র শুরু করেন। উক্ত মাসে তার অন্যান্য লেনদেনগুলো ছিল নিম্নরূপ।

- জানু. ২ ভাড়া ১২,০০০ টাকা
- " ১০ ক্রয় ৫,০০০ টাকা
- " ১২ কম্পিউটার মেরামত ২,০০০ টাকা
- " ২০ মজুরি প্রদান ১,৫০০ টাকা
- " ২৫ শিক্ষানবিস সেলামি প্রাপ্তি ৭,০০০ টাকা

- ক. জনাব আজমের প্রারম্ভিক মূলধনের পরিমাণ কত? ২
- খ. জানুয়ারি ১ থেকে ১২ তারিখ পর্যন্ত লেনদেনগুলো প্রতিটি হিসাবের শ্রেণিবিভাগ ছকের মাধ্যমে দেখাও। ৪
- গ. জনাব আজমের জানুয়ারি ১, ১২, ২০ এবং ২৫ তারিখের লেনদেনগুলো ডেবিট ক্রেডিট নির্ণয় করো। ৪

৫.► জনাব সাকিবের ব্যবসায়ের মার্চ, ২০১৪ সালের কতিপয় লেনদেন নিম্নরূপ:

হিসাবের নাম	টাকা
ব্যবসায়ের মূলধন আনয়ন	৪,০০,০০০
পণ্য ক্রয়	৩,৫০,০০০
একটি ফ্রিজ ক্রয়	৪৫,০০০
ফ্যান ক্রয়	২,০০০
প্রদত্ত ঋণের সুদ প্রাপ্তি	৫,০০০
একটি পুরনো ফ্রিজ বিক্রয় জনিত লাভ	২,৫০০
ক্রয় পরিবহন	৫,০০০
ব্যাংক হতে ঋণ গ্রহণ	২,৫০,০০০
কমিশন প্রদান	৩,০০০
পণ্য বিক্রয়	৪,২৫,০০০
ব্যাংক চার্জ	১,০০০
শিক্ষানবিস সেলামি	৪০,০০০

- ক. জনাব সাকিবের মূলধন জাতীয় ব্যয়ের পরিমাণ কত? ২

- খ. জনাব সাকিবের ব্যবসায়ের যে সকল লেনদেন বিশদ আয় বিবরণীতে অন্তর্ভুক্ত হবে তার পরিমাণ নির্ণয় করো। ৪
- গ. জনাব সাকিবের মূলধন জাতীয় প্রাপ্তি ও মুনাফা জাতীয় প্রাপ্তির মধ্যে পার্থক্য নির্ণয়। ৪

৬.► খুলনার মার্জিয়া ট্রেডার্স ২০১৪ সালের এপ্রিল মাসে নিম্নলিখিত ব্যবসায়িক কার্যাদি সম্পাদন করেন:

- এপ্রিল ১ রংপুরের তিস্তা ট্রেডার্সের নিকট ১০০ টাকা দরে ২৫০ কেজি গুঁড়া দুধ বিক্রয় করেন। কারবারি বাট্টা ১০%, চালান নং-৩০।
- " ১৩ রাজশাহীর মুন্না ট্রেডার্সের নিকট প্রতি ডজন ১২,০০০ টাকা দরে ২ ডজন গুঁড়া দুধের বড় টিন বিক্রয় করেন। বিমা খরচ ১০০ টাকা কারবারি বাট্টা ১০%।
- " ২৫ বগুড়ার নিপা ট্রেডার্সের নিকট ১৫০ কেজি সবজি ২০ টাকা দরে বিক্রয় করেন। চালান নং-৪০, প্যাকিং খরচ ৫০ টাকা।
- ক. মার্জিয়া ট্রেডার্সের মোট আনুষঙ্গিক খরচের পরিমাণ কত? ২
- খ. এপ্রিল ২৫ তারিখের লেনদেনের ভিত্তিতে একটি চালান তৈরি করো। ৪
- গ. এপ্রিল ১ এবং ১৩ তারিখের লেনদেনের ভিত্তিতে বিক্রয় জাবেদা তৈরি করো। ৪

৭.► জনাব জলিল ২০১৫ সালের ১ সেপ্টেম্বর তারিখে নগদ ৭০,০০০ টাকা এবং ৩০,০০০ টাকার পণ্য দ্রব্য নিয়ে ব্যবসা শুরু করেন। উক্ত মাসে তার ব্যবসায়ে অন্যান্য লেনদেন ছিল নিম্নরূপঃ

- সেপ্টে. ২ জনতা ব্যাংকে হিসাব খোলা হলো ২০,০০০ টাকা।
- " ৭ পণ্য বিক্রয় বাবদ চেক প্রাপ্তি ১০,০০০ টাকা।
- " ১২ কাজলের নিকট হতে পণ্য ক্রয় ২২,০০০ টাকা।
- " ২২ কাজলের নিকট ২,০০০ টাকার পণ্য ফেরত পাঠানো হলো।
- " ২৬ কর্মচারীদের বেতন ৮,০০০ টাকা বকেয়া আছে।
- " ৩০ যন্ত্রপাতির অবচয় ধার্য হলো ৮,০০০ টাকা।
- ক. ২৬ ও ৩০ তারিখের লেনদেনের সাধারণ জাবেদা দাখিলা প্রদান করো। ২
- খ. পাওনাদার হিসাব ও ব্যাংক হিসাব 'T' ছকে খতিয়ানভুক্ত করে জের নির্ণয় করো। ৪
- গ. নগদান হিসাব ও ক্রয় হিসাব চলমান ছকে লিপিবদ্ধ করো। ৪

৮.► ২০১৫ সালের ডিসেম্বর মাসে মাহিরের ব্যবসায়ের লেনদেনসমূহ নিম্নরূপঃ

- ডিসে. ১ নগদ তহবিল ৪০,০০০ টাকা এবং ব্যাংক উদ্বৃত্ত (ক্রেডিট) ১০,০০০ টাকা।
- " ৫ আলিমকে পরিশোধ ৫,০০০ টাকা এবং বাট্টা প্রাপ্তি ১০০ টাকা।
- " ৯ ব্যাংক হতে উত্তোলন : ব্যবসায়ের প্রয়োজনে ২,০০০ টাকা এবং মালিকের প্রয়োজনে ৪,০০০ টাকা।

- " ১৫ বিমা সেলামি প্রদান ২,০০০ টাকা।
- " ১৮ ঋণ গ্রহণ ১০,০০০ টাকা।
- " ২০ আবিদের নিকট বিক্রয় : নগদে ২০,০০০ টাকা এবং চেকে ৩০,০০০ টাকা।
- " ২৬ মারুফের কাছে পাওনা ২০,০০০ টাকার পূর্ণনিষ্পত্তিতে ১৯,০০০ টাকার চেক প্রাপ্তি।
- " ৩১ ব্যাংক কর্তৃক সুদ মঞ্জুর ৬০০ টাকা।

- ক. নগদ বাট্টার পরিমাণ কত? ২
- খ. উপরোক্ত লেনদেন হতে দুঘরা নগদান বই প্রস্তুত করো। ৪
- গ. একটি নগদ প্রাপ্তি জাবেদা প্রস্তুত করো। ৪

৯. ▶ জনাব জসিমের ২০১৫ সালে ৩১ ডিসেম্বর তারিখের উদ্ধৃতপত্র নিম্নরূপ:

হিসাবের নাম	টাকা
মূলধন	১,৫০,০০০
উত্তোলন	৫০,০০০
প্রাপ্য বিল	৩০,০০০
প্রদেয় বিল	২৫,০০০
সাধারণ সঞ্চিত	৫,০০০
নগদ তহবিল (১-১-২০১৫)	৬,০০০
মজুদ পণ্য (১-১-২০১৫)	৪০,০০০
অনাদায়ী পাওনা	৫,০০০
অনাদায়ী পাওনা সঞ্চিত	৩,০০০
দালানকোঠা	৪৫,০০০
দেনাদার	২৫,০০০
পাওনাদার	২৫,০০০
বকেয়া বেতন	৫,০০০
অগ্রিম শিক্ষানবিস সেলামি	৩,০০০
নগদ তহবিল (৩১-১২-২০১৫)	১০,০০০
অগ্রিম বিমা	৮,০০০
মজুদ পণ্য (৩১-১২-২০১৫)	৩৫,০০০

- ক. যে সকল উদ্ধৃত রেওয়ামিলে আসবে না তাদের পরিমাণ নির্ণয় করো। ২
- খ. চলতি সম্পদ ও চলতি দায়ের পার্থক্য নির্ণয় করো। ৪
- গ. জনাব জসিমের রেওয়ামিল তৈরি করো। ৪

১০.► রাফা ফার্নিচার, খুলনা। ৩০ জুন, ২০১৪ তারিখে সমাপ্ত বছরে মোট ২০০টি টেবিল প্রস্তুত করেন। টেবিল প্রস্তুতের খরচগুলো নিম্নরূপ:

খরচের বিবরণ	টাকা
কাঠ ক্রয়	৫,০০,০০০
কাঠ বহন খরচ	৬০,০০০
মজুরি	১,০০,০০০
কারখানার ভাড়া	২০,০০০
কারখানার বিদ্যুৎ খরচ	৬,০০০
কারখানা ম্যানেজারের বেতন	১৪,০০০
বিক্রয় কর্মীর বেতন	৬,০০০
মোবাইল খরচ	১,০০০
অফিস ভাড়া	১০,০০০
আপ্যায়ন খরচ	২,০০০

- ক. রাফা ফার্নিচারের মুখ্য ব্যয় কত? ২
- খ. রাফা ফার্নিচারের মোট ব্যয় নির্ণয় করো। ৪
- গ. রাফা ফার্নিচারের মোট ব্যয়ের উপর ১৫% মুনাফা করতে চাইলে প্রতিটি টেবিলের বিক্রয় মূল্য কত হবে। ৪

১১.► জনাব মামুন ১৫,০০০ টাকা মাসিক বেতনে একটি বেসরকারি প্রতিষ্ঠানে চাকরি করেন। এ ছাড়া তিনি একটি কলেজে পার্টটাইম লেকচারার হিসেবে মাসিক ৬,০০০ টাকা সম্মানী পান। ২০১৪ সালের ১ জানুয়ারি তাঁর পারিবারিক আর্থিক অবস্থা ছিল নিম্নরূপ:

নগদ তহবিল ৩০,০০০ টাকা, বাড়িঘর ৫,০০,০০০ টাকা, বিনিয়োগ ৬০,০০০ টাকা, বন্ধকি ঋণ ৮০,০০০ টাকা, আসবাবপত্র ৫০,০০০ টাকা, গহনাপত্র ৯০,০০০ টাকা এবং পাওনাদার ২০,০০০ টাকা। উক্ত বছরে তার পরিবারের অন্যান্য লেনদেন হলো—

খাদ্য সামগ্রি ক্রয়	২৫,০০০
দৈনন্দিন বাজার খরচ	৫৪,০০০
শিক্ষা খরচ	৩০,০০০
কাপড় ক্রয়	১২,০০০
কম্পিউটার ক্রয়	২৬,০০০
গ্যাস, পানি ও বিদ্যুৎ বিল	২৪,০০০
ব্যাংকে স্থায়ী আমানত	১৮,০০০
খবরের কাগজ	২,০০০

- ক. জনাব মামুনের পারিবারিক দায়ের পরিমাণ কত? ২
- খ. বছর শেষে জনাব মামুনের পরিবারের উদ্ধৃত্তের পরিমাণ নির্ণয় করো। ৪
- গ. উক্ত পরিবারের আয়ের উদ্ধৃত্ত/ঘাটতি নির্ণয় করো। ৪

বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ৩০ মিনিট পূর্ণমান— ৩০

বিষয় কোড: ১ ৪ ৬

বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।।

১. হিসাববিজ্ঞানকে বলা হয়—

- ক) ব্যবসায়ের চালিকাশক্তি
- খ) ব্যবসায়ের ভাষা
- গ) ব্যবসায়ের চাবি
- ঘ) ব্যবসায়ের দর্পণ

২. কীভাবে ব্যবসায় প্রতিষ্ঠানের কাঙ্ক্ষিত ফলাফল অর্জন করা যায়?

- ক) সম্পদ বৃদ্ধির মাধ্যমে
- খ) দায় হ্রাসের মাধ্যমে
- গ) আয় বৃদ্ধির মাধ্যমে
- ঘ) ব্যয় নিয়ন্ত্রণের মাধ্যমে

৩. কোনটি হিসাববিজ্ঞানের মূল উদ্দেশ্য?

- ক) প্রতিবেদন প্রস্তুত করা
- খ) লেনদেন সৃষ্টি লিপিবদ্ধকরণ
- গ) আর্থিক ফলাফল নির্ণয়
- ঘ) উপরের সবগুলো

৪. একটি ব্যবসায়ের হিসাব তথ্যের অভ্যন্তরীণ ব্যবহারকারী—

- i. মালিক
- ii. ব্যবস্থাপক
- iii. ঋণ প্রদানকারী ব্যাংক

নিচের কোনটি সঠিক?

- ক) i ও ii
- খ) i ও iii
- গ) ii ও iii
- ঘ) i, ii ও iii

৫. পণ্য ক্রয়-বিক্রয়ের প্রামাণ্য দলিল কোনটি?

- ক) ভাউচার
- খ) চালান
- গ) ক্যাশমেমো
- ঘ) প্রাপ্য বিল

৬. মালিকানা স্বত্বকে কয়টি উপাদান প্রভাবিত করে?

- ক) ২টি
- খ) ৩টি
- গ) ৪টি
- ঘ) ৫টি

৭. দু'রফা দাখিলা পন্থতির মূলনীতি হচ্ছে—

- ক) গ্রহীতা ডেবিট, দাতা ক্রেডিট
- খ) সম্পত্তি বৃদ্ধি পেলে ক্রেডিট
- গ) ব্যয় বৃদ্ধি পেলে ক্রেডিট
- ঘ) গ্রহীতা ক্রেডিট, দাতা ডেবিট

৮. হিসাবরক্ষণের মূল ভিত্তি কী?

- ক) জাবেদা বই
- খ) আর্থিক বিবরণী
- গ) দু'তরফা দাখিলা পন্থতি
- ঘ) এক তরফা দাখিলা পন্থতি

৯. মালিকানা স্বত্বকে প্রভাব বিস্তারকারী অন্যতম

উপাদান হচ্ছে—

- i. দায়
- ii. আয়
- iii. ব্যয়

নিচের কোনটি সঠিক?

- ক) i ও ii
- খ) ii ও iii
- গ) i ও iii
- ঘ) i, ii ও iii

১০. আব্দুল্লাহ তার ব্যবসায়ের জন্য পণ্য আমদানি করে। এক্ষেত্রে—

- ক) মূলধন জাতীয় ব্যয়
- খ) মুনাফা জাতীয় ব্যয়
- গ) অব্যবসায়ী ব্যয়
- ঘ) মুনাফা জাতীয় আয়

১১. হিসাব কত প্রকার?

- ক) ২ প্রকার
- খ) ৩ প্রকার
- গ) ৪ প্রকার
- ঘ) ৫ প্রকার

১২. কীসের উপর ভিত্তি করে ক্রয় জাবেদা ও বিক্রয় জাবেদা লেখা হয়?

- ক) নগদান বইয়ের
- খ) ক্যাশমেমোর
- গ) চালানের
- ঘ) ক্রেডিট নোটের

১৩. প্রকৃত জাবেদাকে কয়টি অংশে ভাগ করা হয়?

- ক) দুই
- খ) তিন
- গ) চার
- ঘ) পাঁচ

১৪. আয়কর প্রদান করা হলো ৩,০০০ টাকা।

- i. উত্তোলন হিসাব ডেবিট, নগদান হিসাব ক্রেডিট
- ii. উত্তোলন হিসাব ডেবিট, ব্যাংক হিসাব ক্রেডিট
- iii. আয়কর হিসাব ডেবিট, নগদান হিসাব ক্রেডিট

নিচের কোনটি সঠিক?

- ক) i
- খ) ii
- গ) iii
- ঘ) i ও iii

উদ্দীপকটি পড়ো এবং ১৫ ও ১৬ নং প্রশ্নের উত্তর দাও।

মি. আরিফ জানুয়ারির ১ তারিখে নগদ ১,৫০,০০০ টাকা নিয়ে ব্যবসায় শুরু করেন। জানুয়ারির ১০ তারিখে আসবাবপত্র ক্রয় করেন ৩০,০০০ টাকা।

১৫. অভ্যন্তরীণ দায়ের পরিমাণ—

- ক) ৩০,০০০ টাকা
- খ) ১,৮০,০০০ টাকা
- গ) ১,২০,০০০ টাকা
- ঘ) ১,৫০,০০০ টাকা

১৬. ১০ তারিখের লেনদেনটি লিপিবদ্ধ করা হবে—

- ক ক্রয় জাবেদায়
- খ প্রকৃত জাবেদায়
- গ বিক্রয় জাবেদায়
- ঘ নগদ প্রদান জাবেদায়

১৭. যদি প্রত্যেক দেনাদার ও পাওনাদারের খতিয়ান হিসাব প্রস্তুত করা হয়, তাকে বলে—

- ক সাধারণ খতিয়ান
- খ ঐক্যের খতিয়ান
- গ সহকারী খতিয়ান
- ঘ সহায়ক খতিয়ান

১৮. খতিয়ানকে বলা হয়—

- i. প্রাথমিক বই
- ii. চূড়ান্ত বই
- iii. স্থায়ী বই

নিচের কোনটি সঠিক?

- ক i ও ii
- খ i ও iii
- গ ii ও iii
- ঘ i, ii ও iii

১৯. ৫% বাট্টা বাদে নিট ৫৭,০০০ টাকা পাওয়া গেলে বাট্টার পরিমাণ কত?

- ক ১,৪২৫ টাকা
- খ ২,৫০০ টাকা
- গ ২,৮৫০ টাকা
- ঘ ৩,০০০ টাকা

২০. কোন বাট্টা নগদান বইতে নিশ্চয়্যোজন?

- ক নগদ বাট্টা
- খ কারবারি বাট্টা
- গ প্রাপ্ত বাট্টা
- ঘ প্রদত্ত বাট্টা

২১. রেওয়ামিল তৈরির মুখ্য উদ্দেশ্য কী?

- ক গাণিতিক শুদ্ধতা যাচাই
- খ সঠিকভাবে লিপিবদ্ধকরণ
- গ আর্থিক অবস্থা নির্ণয়
- ঘ শ্রমের অবচয় রোধ

উদ্বীপকটি পড়ো এবং ২২ ও ২৩ নং প্রশ্নের উত্তর দাও।

জনাব আব্দুল মতিনের ব্যবসায়ের অগ্রিম মজুরি প্রদান ৬০০ টাকা, বকেয়া বেতন ১০০ টাকা, ক্রয় ১৮,০০০ টাকা, প্রারম্ভিক মজুদ পণ্য ১২,০০০ টাকা, বহিঃক্ষেত্রত ২,০০০ টাকা, সমাপনী মজুদ পণ্য ১৫,০০০ টাকা।

২২. জনাব আব্দুল মতিনের সমন্বিত ক্রয়ের পরিমাণ কত?

- ক ১৩,০০০ টাকা
- খ ১৮,০০০ টাকা
- গ ২৮,০০০ টাকা
- ঘ ৩০,০০০ টাকা

২৩. অগ্রিম মজুরি রেওয়ামিল বসবে—

- ক ডেবিট ও ক্রেডিট

খ ক্রেডিট দিকে

গ ডেবিট দিকে

ঘ কোনটিই নয়

২৪. মোট লাভ বিক্রয় মূল্যের $9\frac{1}{2}\%$ । মোট লাভ ৬,০০০ টাকা হলে বিক্রয় কত?

- ক ১,০০,০০০ টাকা
- খ ৪২,০০০ টাকা
- গ ২,০০,০০০ টাকা
- ঘ ৮০,০০০ টাকা

২৫. চলতি অনুপাতের আদর্শ মান কোনটি?

- ক ১ : ১
- খ ১ : ৩
- গ ১ : ২
- ঘ ২ : ১

২৬. অপরিচালন আয়—

- i. বিনিয়োগের সুদ
 - ii. বিক্রয়
 - iii. শিক্ষানবিশ সেলামি
- নিচের কোনটি সঠিক?

- ক i ও ii
- খ i ও iii
- গ ii ও iii
- ঘ i, ii ও iii

২৭. মোট ব্যয়ের ওপর মুনাফার হার ২৫% হলে বিক্রয়মূল্যের ওপর মুনাফার হার কত হবে?

- ক ২০%
- খ ২৫%
- গ ৩০%
- ঘ $33\frac{1}{3}\%$

২৮. পারিবারিক বাজেটের শিক্ষাখাতে ব্যয় বরাদ্দের পরিমাণ কত?

- ক ১০-১৫%
- খ ১৫-২০%
- গ ২০-২৫%
- ঘ ২৫-৩০%

২৯. জনাব আব্দুল খালেকের পরিবারে ২০১৫ সালের ১ জানুয়ারি ব্যাংক ঋণ ১,০০,০০০ টাকা ছিল। চলতি বছর ব্যাংক ঋণের ৪০,০০০ টাকা পরিশোধ করলে তার পারিবারিক হিসাবে প্রভাব পড়বে—

- i. সম্পদ কমবে
 - ii. দায় কমবে
 - iii. আয় কমবে
- নিচের কোনটি সঠিক?

- ক i ও ii
- খ i ও iii
- গ ii ও iii
- ঘ i, ii ও iii

৩০. উত্তোলন কোন শ্রেণির হিসাব?

- ক আয়
- খ ব্যয়
- গ দায়
- ঘ মালিকানা স্বত্ব

১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫	১৬	১৭	১৮	১৯	২০	২১	২২	২৩	২৪	২৫	২৬	২৭	২৮	২৯	৩০
---	---	---	---	---	---	---	---	---	----	----	----	----	----	----	----	----	----	----	----	----	----	----	----	----	----	----	----	----	----